



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং-ঢাশিবো/৩৫২/বিদ্যালয়/বিবিধ/৩২

তারিখ: ২৩/০১/২০২২

বিষয়: করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯ এর বিস্তাররোধকল্পে বিধি-নিষেধ আরোপ করায় অত্র বোর্ডের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির নির্বাচন সংক্রান্ত কার্যক্রম স্থগিত প্রসঙ্গে।

সূত্র: i. মন্ত্রি পরিষদ বিভাগ এর জেলা ও মাঠ প্রশাসন অধিশাখার স্মারক নং- ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১-১৪১; তারিখ: ২১/০১/২০২২।

ii. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৪৬.০০১.২১.৫৭; তারিখ: ২২/০১/২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে,

(১) করোনা ভাইরাস জনিত রোগ কোভিড-১৯ এর বিস্তার রোধকল্পে যে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির নির্বাচন সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে সে সমস্ত প্রতিষ্ঠানের নির্বাচন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম আগামী ০৬/০২/২০২২ তারিখ পর্যন্ত স্থগিত করা হলো। যদি শিক্ষা প্রতিষ্ঠানের ছুটির মেয়াদ বাড়ানো হয়, সেক্ষেত্রে স্বয়ংক্রিয়ভাবে এই নিষেধাজ্ঞা ছুটিকালীন সময় পর্যন্ত বলবৎ থাকবে। East Pakistan Intermediate and Secondary Education Board 1961 (E.P. Ord. No XXXIII of 1961) Section II এর ক্ষমতাবলে এই নির্দেশনা জারি করা হলো।

(২) মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৪৬.০০১.২১.৫৭; তারিখ: ২২/০১/২০২২ এর নির্দেশাবলী যথাযথভাবে প্রতিপালন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত/-

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ইমেইল: is@dhakaeducationboard.gov.bd

ফোন: ০২-৫৮৬১০০৬৯

প্রাপক: অধ্যক্ষ/প্রধান শিক্ষক

অত্র বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল

শিক্ষা প্রতিষ্ঠান

মেমো নং- ৩২(৬)

তারিখ: ২৩/০১/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, সংশ্লিষ্ট সকল জেলা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট সকল উপজেলা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট সকল জেলা।
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট সকল উপজেলা।
- ৭। অফিস কপি।

  
২৩/০১/২০২২  
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

  
২৩/০১/২০২২



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

বেসরকারি কলেজ শাখা

www.dshe.gov.bd

ঢাকা



জরুরি

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৪৬.০০১.২১.৫৭

তারিখ: ৮ মাঘ ১৪২৮

২২ জানুয়ারি ২০২২

বিষয়: করোনা ভাইরাস জনিত রোগ কোভিড-১৯ এর বিস্তার রোধকল্পে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন স্কুল ও কলেজের সামগ্রিক কার্যক্রম পরিচালনার জন্য নির্দেশনা।

সূত্র: (১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.১৪১; তারিখ- ২১/০১/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন স্কুল ও কলেজ কর্তৃপক্ষসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যাচ্ছে যে, করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯ এর বিস্তার রোধকল্পে নিম্নরূপ নির্দেশনাসমূহ যথাযথভাবে মেনে সামগ্রিক কার্যক্রম পরিচালনা করতে হবে:-

- ১। আগামী ৬ ফেব্রুয়ারি, ২০২২ পর্যন্ত সশরীরে শ্রেণি কার্যক্রম বন্ধ থাকবে;
- ২। এ সময়ে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ বাস্তবতার ভিত্তিতে অনলাইন/ভার্চুয়াল প্ল্যাটফর্ম-এ শিখন-শেখানো কার্যক্রম অব্যাহত রাখবে;
- ৩। যথাযথ স্বাস্থ্যবিধি মেনে ১২-১৭ বছর বয়সী শিক্ষার্থীদের কোভিড ১৯ ভ্যাকসিনেশন কার্যক্রম চলমান থাকবে; এ ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আঞ্চলিক অফিস, জেলা শিক্ষা অফিস ও উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিস স্থানীয় প্রশাসন ও সিভিল সার্জনের সাথে সমন্বয় অব্যাহত রাখবে;
- ৪। শিক্ষা প্রতিষ্ঠান বন্ধকালীন শ্রেণি কক্ষ, গ্রন্থাগার, গবেষণাগারসহ প্রতিষ্ঠানের সকল বিদ্যুৎ, টেলিফোন, ইন্টারনেট, পানি এবং গ্যাস সংযোগ নিরবচ্ছিন্ন ও নিরাপদ রাখতে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে;
- ৫। এ সময় শিক্ষা প্রতিষ্ঠানের সকল সম্পদ রক্ষণাবেক্ষণ ও সামগ্রিক নিরাপত্তার বিষয়টির প্রতি বিশেষ গুরুত্ব দিতে হবে;
- ৬। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান প্রতিষ্ঠানের জরুরি প্রয়োজনে স্বাস্থ্য বিধি প্রতিপালনপূর্বক শিক্ষক ও কর্মচারীদের দায়িত্বে নিয়োজিত রাখতে পারবেন;
- ৭। যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রবাস/ছাত্রীনিবাসে বৈধ আবাসিক শিক্ষার্থীরা অবস্থান করছে তাদের সুবিধার্থে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত ছাত্রবাস/ছাত্রীনিবাসসমূহ খোলা থাকবে। তবে সংশ্লিষ্ট সকলকে যথাযথ স্বাস্থ্যবিধি কঠোরভাবে মেনে চলতে হবে;
- ৮। অধিদপ্তরের অধীন সকল দপ্তর ও শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত সকল কর্মকর্তা, শিক্ষক ও কর্মচারীর অবশ্যই টিকা সনদ গ্রহণ করতে হবে;
- ৯। শিক্ষা প্রতিষ্ঠানের কার্যালয় যথারীতি চালু থাকবে; সেখানে স্বাস্থ্যবিধি মেনে দৈনন্দিন কার্যক্রম পরিচালিত হবে;
- ১০। জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি ক্রীড়া সমিতির আয়োজনে দেশের বিভিন্ন অঞ্চলে চলমান ক্রীড়া প্রতিযোগিতা পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত স্থগিত থাকবে।
- ১১। শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

এমতাবস্থায়, কোভিড-১৯ সংক্রমণ রোধে সরকার ঘোষিত সকল স্বাস্থ্য বিধি ও অন্যান্য বিধি নিষেধ যথাযথভাবে প্রতিপালনপূর্বক পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত উপর্যুক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২২-১-২০২২

প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী  
মহাপরিচালক (বুটিন দায়িত্ব)

বিতরণ :

- ১) পরিচালক(মাধ্যমিক ও উচ্চ শিক্ষা)-সকল অঞ্চল
- ২) আঞ্চলিক উপপরিচালক-সকল (বিদ্যালয় ও পরিদর্শন শাখা)

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৪৬.০০১.২১.৫৭/১(১৮)

তারিখ: ৮ মাঘ ১৪২৮  
২২ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা
- ৩) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৪) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর
- ৫) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৬) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা
- ৭) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট
- ৮) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
- ৯) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম
- ১০) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
- ১১) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ
- ১২) অধ্যক্ষ (সকল), সরকারি কলেজ
- ১৩) অধ্যক্ষ (সকল), বেসরকারি কলেজ
- ১৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর(পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১৫) প্রধান শিক্ষক (সকল), সরকারি মাধ্যমিক বিদ্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে)
- ১৬) প্রধান শিক্ষক (সকল), বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে)
- ১৭) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)
- ১৮) সংরক্ষণ নথি



২২-১-২০২২

প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী  
মহাপরিচালক (রুটিন দায়িত্ব)